

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২০৫-আইন/আয়কর/২০১৩।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 185, Chapter XVIII B এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, “আয়কর বিকল্প বিরোধ নিষ্পত্তি (পদ্ধতি) বিধিমালা, ২০১২” এর নিম্নরূপ অধিকতর সংশোধনের প্রস্তাব করিয়া এতদ্বারা উহা প্রাক-প্রকাশ করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালা এর-

(১) বিধি ২ এর-

(ক) দফা (ঝ) এর “৯” সংখ্যার পরিবর্তে “৭” সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ঞ) এর “১২” সংখ্যাগুলির পরিবর্তে “১০” সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৫ এর-

(ক) “আয়কর কর্তৃপক্ষের” শব্দগুলির পরিবর্তে “কর্তৃপক্ষের” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (খ) এর প্রান্তঃস্থির দাড়ির (।) পরিবর্তে সেমিকোলন (;) প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দফা (গ) ও (ঘ) সংযোজিত হইবে, যথা:-

- “(গ) আয়কর আপীলাত ট্রাইব্যুনালে আপীল বিচারধীন থাকিলে সংশ্লিষ্ট ট্রাইব্যুনাল বেঞ্চের রেজিস্ট্রার/উপ রেজিস্ট্রার/ সহকারী রেজিস্ট্রার এর নিকট;
- (ঘ) বিধি ৮ এর উপ-বিধি (৫) অনুযায়ী বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ বা আপীল বিভাগ এর অনুমতি লাভের পর জাতীয় রাজস্ব বোর্ড এর জাতীয় রাজস্ব বোর্ড এর দ্বিতীয় সচিব (ট্যাক্সেস লিগ্যাল) এর নিকট।”;
- (৩) বিধি ৬ এর উপ-বিধি (১) এর “আবেদনকারীর আবেদন ৪ প্রস্থে” শব্দগুলি ও সংখ্যার পরিবর্তে “আবেদনকারীর আবেদন ৫ প্রস্থে” শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;
- (৪) বিধি ৮ এর-
- (ক) উপ-বিধি (২) এর “পরবর্তী কার্য দিবসের” শব্দগুলির পরিবর্তে “পরবর্তী ৩ (তিন) কার্য দিবসের” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) উপ-বিধি (৪) এর “২ (দুই)” সংখ্যা, শব্দ ও বন্ধনীগুলির পরিবর্তে “৫ (পাঁচ)” সংখ্যা, শব্দ ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:-
- “বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ বা আপীল বিভাগে বিচারধীন মামলায় বিকল্প বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্টের অনুমতির জন্য আবেদন দাখিল করিতে হইবে।”;
- (৫) বিধি ৯ এর-
- (ক) উপ-বিধি (১) এর “বিধি ৮ এর উপ-বিধি (২)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে “বিধি ৬ এর উপ-বিধি (৭)” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) উপ-বিধি (২) এর “১০ (দশ)” সংখ্যাগুলি, শব্দ ও বন্ধনীগুলির পরিবর্তে “১৫ (পনের)” সংখ্যাগুলি, শব্দ ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৬) বিধি ১৪ এর উপাত্তটীকাসহ সর্বত্র উল্লিখিত “সার্ভিস চার্জ” শব্দগুলির পরিবর্তে “ফিস” শব্দটি এবং “সার্ভিস চার্জের” শব্দগুলির পরিবর্তে “ফিসের” শব্দটি প্রতিস্থাপিত হইবে;
- (৭) তফসিল-১ এর “যথাস্থানে টিক (✓) চিহ্ন দিন” শিরোনামাধীন ৫ নং এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-
- “ উপ/সহকারী রেজিস্ট্রার, বেঞ্চ-----, আয়কর আপীলাত ট্রাইব্যুনাল
 দ্বিতীয় সচিব (ট্যাক্সেস লিগ্যাল), জাতীয় রাজস্ব বোর্ড”;
- (৮) তফসিল-৫ এর “অবগতির জন্য অনুলিপি” অংশের ক্রমিক নং “৩।” এর “(কর আপীল)” শব্দগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে “(ট্যাক্সেস লিগ্যাল)” শব্দগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ সংখ্যা, শব্দগুলি ও চিহ্নগুলি সংযোজিত হইবে, যথা:

“৪। উপ কর কমিশনার
সার্কেল-----”।

২। উপরি-উক্ত সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারও কোন আপত্তি বা পরামর্শ থাকিলে সংশ্লিষ্ট ব্যক্তিকে উহা, এই প্রজ্ঞাপন সরকারী গেজেটে প্রকাশের তারিখ হইতে অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌছাইবার জন্য অনুরোধ করা যাইতেছে এবং উক্ত সময়ের মধ্যে সংশোধন প্রস্তাব সম্পর্কে কাহারো নিকট হইতে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া গেলে জাতীয় রাজস্ব বোর্ড উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত সংশোধনী চূড়ান্ত করিবে। উক্ত সময়ের মধ্যে কাহারো নিকট হইতে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া না গেলে এইরূপ প্রাক-প্রকাশ চূড়ান্ত প্রকাশ বলিয়া গণ্য করা হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
সদস্য (কর নীতি)